

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পার্বতীপুর, দিনাজপুর
www.parbatipur.dinajpur.gov.bd



স্মারক নং-৩১.০২.২৭৭৭.০০০.২২.২০৬

তারিখ: ২৮/০২/২০২২ খ্রি:

১৪২৯-১৪৩১ বঙ্গাব্দের “২০ (বিশ) একর পর্যন্ত বদ্ধ জলমহালের সংশোধিত ইজারা বিজ্ঞপ্তি”

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পার্বতীপুর, দিনাজপুরের ২২ ফেব্রুয়ারি ২০২২ খ্রিঃ তারিখের স্মারক নং-৩১.০২.২৭৭৭.০০০.২২.১৬৯ মোতাবেক পার্বতীপুর উপজেলাধীন জলমহালসমূহের (২০ একর পর্যন্ত বদ্ধ জলমহাল) ১৪২৯-১৪৩১ বঙ্গাব্দের ইজারার অনলাইনে (Online) আবেদনের তারিখ ২৩ ফেব্রুয়ারি ২০২২ খ্রিঃ (১০ ফাল্গুন ১৪২৮) হতে ২৮ ফেব্রুয়ারি ২০২২ খ্রিঃ (১৫ ফাল্গুন ১৪২৮) পর্যন্ত এবং জামানতের মূলকপিসহ অনলাইনে আবেদনের প্রিন্টেড কপি দাখিলের সময় ০৩ মার্চ ২০২২ খ্রিঃ (১৮ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ) সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত নির্ধারিত ছিল। পরবর্তীতে ভূমি মন্ত্রণালয়ের ২৩ ফেব্রুয়ারি ২০২২ খ্রিঃ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯(অংশ-২)-৫৪ নং প্রজ্ঞাপন মোতাবেক অনলাইনে আবেদন দাখিলের সময়সীমা ১০ থেকে ২৫ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ নির্ধারিত হওয়ায় অত্রাফিসের উল্লিখিত ইজারা বিজ্ঞপ্তির অনুবৃত্তিক্রমে অনলাইনে (Online) আবেদন দাখিলের সময়সীমা ২৫ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ (১০ মার্চ ২০২২ খ্রিঃ) পর্যন্ত বৃদ্ধি করা হলো এবং অন্যান্য চাহিত কাগজপত্রসহ আবেদনের প্রিন্টেড কপি দাখিলের তারিখ ২৮ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ (১৩ মার্চ ২০২২ খ্রিঃ) সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত পুনঃনির্ধারণ করা হলো। উল্লেখ্য, আবেদন দাখিলের স্থানসহ পূর্বের জারিকৃত ইজারা বিজ্ঞপ্তির অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।


২৮/০২/২০২২

(মুহাম্মদ ইসমাঈল)

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
পার্বতীপুর, দিনাজপুর